বিজ্ঞপ্তি নং-০২ /২০২১

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম ৪১০০

www.cpa.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে **অন-লাইনে** দরখাস্ত আহবান করছে ঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল জাঃবেঃস্কেল-২০১৫ | ৩০/০৯/২০২১ তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | জেলা কোটার পদ পূরণ থাকায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই |
|---|---|---|---|---|---|---|
| ১। | মেডিক্যাল অফিসার | ০২ | টাঃ ২৩০০০/-- ৫৫৪৭০/- (গ্রেড-০৮) | অনূর্ধ ৩০ বৎসর | ক) এমবিবিএস ডিগ্রীসহ ০১ বৎসরের ইন-সার্ভিস প্রশিক্ষণ থাকতে হবে। খ) সার্জারী/ মেডিসিন/ গাইনোকোলজি/ চক্ষু/ ইএনটি/ রেডিওগ্রাফী/ পেড্রিয়াট্রিক ইত্যাদি ক্ষেত্রে ০১ বৎসরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। | |
| ২। | মহিলা স্বাস্থ্য পরিদর্শিকা | ০১ | টাঃ ১০২০০-২৪৬৮০/ (গ্রেড-১৪) | অনূর্ধ ৩০ বৎসর | ক) কমপক্ষে এইচ.এস.সি সহ এফ ডব্লিউ সনদধারী এবং এন্টিনাটাল এবং পোষ্ট নাটাল বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৩। | ল্যাব এসিসটেন্ট | ০১ | টাঃ ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | অনূর্ধ ৩০ বৎসর | ক) এস.এস.সি (বিজ্ঞান) পাশ। এইচ.এস.সি (বিজ্ঞান) প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। খ) ল্যাব টেকনিশিয়ান সনদধারী হতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ বৎরের অভিজ্ঞতা। | |
| ৪। | ওয়ার্ড কীপার | ০১ | টাঃ ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | অনূর্ধ ৩০ বৎসর | ক) কমপক্ষে এইচ.এস.সি সহ ফার্মেসী তে ডিপ্লোমা এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ বৎরের অভিজ্ঞতা। | চট্টগ্রাম |
| ৫। | উপ-সহকারী ম্যালেরিয়া পরিদর্শক | ০১ | টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | অনূর্ধ ৩০ বৎসর | ক) কমপক্ষে এস.এস.সি সহ ম্যালেরিয়া উচ্ছেদ ও সেনিটেশন বিষয়ে সনদধারী হতে হবে। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা । | |
| ৬। | মহিলা স্বাস্থ্য সহকারী | ০১ | টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | অনূর্ধ ৩০ বৎসর | ক) এস.এস.সি সহ এম.সি.এইচ ও পরিবার পরিকল্পনা বিষয়ে অনুমোদিত হাসপাতাল/ প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১বৎসরের অভিজ্ঞতা। | ময়মনসিংহ |

**অন-লাইনে আবেদন ফরম পূরণের শর্তাবলী ঃ**

১। আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট **jobscpa.org** তে অন-লাইন চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে;

২। অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০ x ৩০০ রেজুলেশনে সর্বোচ্চ ২৫ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা **রঙিন ছবি** এবং ৩০০ x ৮০ সাইজের **স্বাক্ষর** আপলোড করতে হবে;

৩। অন-লাইনে আবেদন ফরম সাবমিট করার পর প্রার্থীকে রেজিস্টেশন নম্বর সম্বলিত তাঁর আবেদনের একাধিক প্রিন্ট কপি (হার্ড কপি) ও একই রেজিষ্ট্রেশন নম্বর সম্বলিত সোনালী ব্যাংকের সোনালী সেবার পে-স্লীপ ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় (পোর্ট শাখা, চট্টগ্রাম ব্যতিত) উক্ত পে-স্লীপ দিয়ে নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্ধারিত অংকের ফি ও ব্যাংক চার্জ পরিশোধ করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ডিটি গ্রহণযোগ্য নয়) এবং আবেদনের হার্ড কপি প্রার্থীকে সংরক্ষণ করতে হবে। ক্রমিক-১ প্রার্থীদের জন্য নিয়োগ পরীক্ষার ফি ২০০/- (দুইশত) টাকা এবং ২-৬ নং প্রার্থীদের নিয়োগ পরীক্ষার ফি ১০০/-(একশত) টাকা;

৪। আবেদনকারী প্রার্থীদেরকে অন-লাইন আবেদনের কপির সাথে বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কসশীট, জাতীয়তা সনদ, জাতীয় পরিচয়পত্র, প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ প্রভৃতির সত্যায়িত কপি সংযুক্ত করে আবেদনের ১৫(পনের) দিনের মধ্যে পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে। অবশ্যই খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে;

৫। কর্তৃপক্ষ কোন প্রার্থীর আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। প্রার্থী সংখ্যা বেশী হলে আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতা/প্রাপ্ত নম্বর/অন্য কোন নির্ণায়কের ভিত্তিতে শর্ট লিস্ট করতে পারবে। নিয়োগের ক্ষেত্রে চবক এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

৬। **প্রার্থীদের অন-লাইনে আবেদনের কপি আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে; পরীক্ষার তারিখ চবক ( www.cpa.gov.bd )** ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং পরীক্ষার প্রবেশপত্র jobscpa.org থেকে ডাউনলোড করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৭। প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে;

৮। অন-লাইনে আবেদনপত্র পূরণ ও সাবমিট করতে কোন সমস্যার সম্মুখীন হলে hr@cpa.gov.bd ই-মেইল ঠিকানায় সমস্যাটির বিষয়ে যোগাযোগ করা যাবে;

৯। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারিরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১০। এতিম ও শারিরিক প্রতিবন্ধি কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন;

১১। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে;

১২। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

১৩। অন লাইনে আবেদন গ্রহণ শুরুর সময় ঃ ১৮/০৮/২০২১ খ্রিঃ সকাল ১০-০০ টা;

১৪। অন লাইনে আবেদন গ্রহণের শেষ সময় ঃ ৩০/০৯/২০২১ খ্রিঃ রাত ১২-০০ টা পর্যন্ত

১৫। সোনালী ব্যাংক লিঃ এ ফি জমাদানের শেষ তারিখ - ০৩/১০/২০২১ খ্রিঃ।

১৬। নিয়োগ সংক্রান্ত তথ্যের জন্য কল সেন্টার ১৬৫৬৩ নম্বরে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে।

পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং ১৮.০৪.০০০০.১৮১.১১.০৩-২০২০/ ৫২৬ তারিখ ঃ /০৮/২০২১ খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হলো ঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা ।
২। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা ।
৩। নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা ।
৪। সকল সদস্য, চবক।
৫। সকল বিভাগীয় প্রধান/শাখা প্রধান, চবক ।
৬। সচিব, চবক-বিজ্ঞপ্তিটি জাতীয় ২ টি দৈনিকে এবং স্থানীয় ২টি দৈনিকে এক দিনের জন্য প্রকাশনার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।
৭। সিস্টেম এনালিষ্ট, চবক-বিজ্ঞপ্তিটি চবক এর ওয়েব সাইটে প্রদর্শন এবং অন-লাইনে চাকুরীর আবেদন গ্রহণের ও নিয়োগ কার্যক্রম সম্পূর্ন শেষ না হওয়া পর্যন্ত অন-লাইনে আবেদনকারীদের যাবতীয় তথ্যাদি চবক এর কম্পিউটার সিষ্টেমে সংরক্ষণের অনুরোধ করা হলো।
৮। ম্যানেজার, সোনালী ব্যাংক, বন্দর ভবন শাখা, চট্টগ্রাম- সোনালী সেবার মাধ্যমে নিয়োগ পরীক্ষার ফি গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হলো।
৯। লিয়াঁজো অফিসার, ঢাকাস্থ চবক সংযোগ দপ্তর, আজিজ ভিলা ১/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
১০। সহকারী পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, আগ্রাবাদ, চট্টগ্রাম ।
১১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সহকারী, চবক ।

চীফ পারসোনেল অফিসার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ